



কৃষিই সমৃদ্ধি

বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা- ১২১৫

স্মারক নং: ১২.২০.০০০০.০০৮.২৫.০০১.১৫(২).৩৬৯৬

তারিখ: ০৪/১২/২০২৪ খ্রিঃ

চেয়ারম্যান
বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)
কৃষি ভবন ৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা
ঢাকা-১০০০।

দৃষ্টি আকর্ষণঃ আবুল খায়ের মোঃ নুরুল ইসলাম, অতিরিক্ত মহাব্যবস্থাপক, আলু বীজ বিভাগ, বিএডিসি, ঢাকা।

বিষয়ঃ কিএআরআই কর্তৃক উদ্ভাবিত সবজি ফসলের প্রযুক্তি সম্পর্কিত প্রশিক্ষক প্রশিক্ষণে (টিওটি) রিসোর্স স্পিকার মনোনয়ন প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বারি কর্তৃক উদ্ভাবিত সবজি (আলু, টমেটো, মিষ্টি কুমড়া ও করলা) ফসলের জাত ও উৎপাদন প্রযুক্তি কৃষক পর্যায়ে হস্তান্তরের লক্ষ্যে বিএআরসি'র প্রযুক্তি হস্তান্তর ও পরিবীক্ষণ ইউনিট কর্তৃক ২ (দুই) দিনব্যাপী একটি টিওটি প্রশিক্ষণ আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। প্রশিক্ষণটি আগামী ১৭-১৮ ডিসেম্বর ২০২৪ তারিখে বিএআরসি'র ১ নং সভাকক্ষে সকাল ৯.৩০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত চলবে। প্রশিক্ষণে ৩০ (ত্রিশ) জন উপজেলা কৃষি কর্মকর্তা/সমমানের কর্মকর্তাগণ অংশগ্রহণ করবেন।

উক্ত প্রশিক্ষণ কর্মসূচিতে নিম্নোক্ত বিষয়ে রিসোর্স স্পিকার হিসেবে বিএডিসির ২ জন কর্মকর্তাকে মনোনয়ন প্রদানের জন্য অনুরোধ করা হলো। এছাড়া প্রশিক্ষণ ম্যানুয়াল তৈরির জন্য সংশ্লিষ্ট বিষয়ে লেকচার শীট (৪-৫ পৃষ্ঠা/লেকচার) আগামী ১১ ডিসেম্বর/২০২৪ তারিখের মধ্যে হার্ডকপি এবং সফটকপি (shirin.f094@gmail.com) ইমেইল ঠিকানায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

প্রশিক্ষণে সেশনের বিষয়:

- কৃষক পর্যায়ে আলু বীজ উৎপাদনের কলাকৌশল;
- কৃষক পর্যায়ে সবজি বীজ উৎপাদনের কলাকৌশল

এই ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে সদয় অনুরোধ করা হলো।

নাজমুন নাহার করিম
১২/১২/২৪

(ড. নাজমুন নাহার করিম)

নির্বাহী চেয়ারম্যান (রু.দা)

ই-মেইল: ec.barc@barc.gov.bd

ফোন: +৮৮০২-৪১০২৫২৫২

অনুলিপিঃ

- ✓ পরিচালক (কম্পিউটার ও জিআইএস), বিএআরসি, ঢাকা-১২১৫। (ওয়েব সাইটে আপলোডের অনুরোধসহ)।
- ড. সুরাইয়া পারভীন, পরিচালক (টিটিএমইউ) (চলতি দায়িত্ব), বিএআরসি, ঢাকা-১২১৫।
- অফিস কপি।

ফোন: +৮৮০-২-৪১০২৫২৫২; ফ্যাক্স: +৮৮০-২-২২২১৪২৬৪৭

E-mail: ec-barc@barc.gov.bd, info@barc.gov.bd; www.barc.gov.bd